রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৬০৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩২শে শ্রাবণ বুধবার, ১৩৭৩ ইং 17th Aug. 1966 { ১৪শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
স্বলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৩২শে শ্রাবণ বুধবার সন ১৩৭৩ সাল।

# স্বাধীনতা

—•—

১৯৪৭ এর ১৫ই আগষ্ট অধীনতা পাশে শৃঙ্খলিত ভারত স্বাধীন হইল। অধীন ভারতের ভাগ্যবিধাতা ইংরাজ ইহার কিয়দংশকে পাকিস্থান বলিয়া ঘোষণা করিয়া ভারতের অঙ্গ হইতে বাদ দিয়া তাহা ইসলাম-ধর্ম্মাবলম্বীদের হস্তে প্রদান করিয়া গেলেন। ভারতবর্ষ যেন ছিন্নমস্তা হইয়া স্বাধীনতা লাভ করিল।

আমরা আমাদের জ্ঞানে দেখিয়াছি—বঙ্গের অঙ্গচ্ছেদ করার জন্য বাংলার নেতৃবৃন্দ যে আন্দোলন আরম্ভ করিয়াছিলেন, তাহাতে তাঁহারা ইংরাজকে চিন্তান্বিত করিয়া তুলিয়াছিলেন। ইংরাজও এই আন্দোলন রোধ করিবার জন্য চণ্ডনীতি অবলম্বন করিতে দ্বিধা বোধ করে নাই।

১৯০৫ হইতে আরম্ভ হইল অগ্নিযুগ। এই যুগ-প্রবর্ত্তক শ্রীঅরবিন্দ ঘোষ পরে হন ঋষি অরবিন্দ। ইংরাজ নিশ্চয়ই জানিত না যে শ্রীঅরবিন্দের জন্মদিন ১৫ই আগষ্ট। কিন্তু যে দিন তাহারা ভারতের স্বাধীনতা ঘোষণা করিল, সেই ১৫ই আগষ্ট অগ্নিযুগস্রষ্টা শ্রীঅরবিন্দের জন্মদিন। কাকতালীয়বৎ হউক, আর বিধির বিধানেই হউক শ্রীঅরবিন্দের জন্মদিনে ভারতের স্বাধীনতা লাভ যেন মণিকাঞ্চনে যোগ হইয়াছে।

আমরা এই স্বাধীনতা দিবসে তাঁহার জন্মদিন প্রতিপালিত করিবার সুযোগ পাইয়া ১৫ই আগষ্টকে ভারতের পর্ব্বদিন বলিয়া উদ্‌যাপন করিয়া ধন্য হইতেছি।

বঙ্গদেশকে খণ্ডিত করায় যে আন্দোলন আরম্ভ হইয়াছিল, আজ স্বাধীনতা দিবার সময়ও ইংরাজ যেন তাহার পূর্ব্বেকার অঙ্গচ্ছেদ স্পৃহা সম্পূর্ণ করিবার জন্য ভারতবর্ষকে খণ্ডিত করিয়া সেই খুঁৎ ও অশান্তি সৃষ্টির জেদ রাখিয়া গেল।

ইংরাজ দ্বিতীয় মহাযুদ্ধের সময় ভারতে যে অন্নবস্ত্রের অভাব সৃষ্টি করিয়া গিয়াছে। আজও সেই অভাব ভারতকে তিলে তিলে ধ্বংসের দিকে লইয়া যাইতেছে। মানুষের বাঁচিবার প্রধান উপকরণ অন্ন ও বস্ত্র, সেই দুটীর প্রাপ্তি সহজ না হইলে সাধারণ লোক স্বাধীনতার রসাস্বাদ করিতে পারিবে না। শাসনযন্ত্র পরিচালনার ভার পাইয়াছে ভারতের সংখ্যাগরিষ্ঠ কংগ্রেস নামক অহিংসপন্থী রাজনৈতিক সম্প্রদায়। এই সম্প্রদায়ভুক্ত ব্যক্তিরা গর্ব্ব করিয়া বলেন—"বিনাযুদ্ধে বিনা লোকক্ষয়ে আমরা 'স্বাধীনতা' নামক বহুবাঞ্ছিত অমূল্য নিধি ইংরাজগণের হস্ত হইতে লাভ করিয়াছি।" এ কথা কি সত্য? প্রকৃত কথা বলিতে গেলে আমরা স্বাধীনতা লাভের যজ্ঞ বেদীতে বহু বাঙালী সন্তানকে বলি দিয়াছি—সে সব কি ধর্ত্তব্যের মধ্যে নহে? আমরা আমাদের যে স্বাধীনতা লাভ করিয়াছি, তাহাতে কি সেই সব আত্মত্যাগী মহা-প্রাণের কৃতিত্ব নাই? আজ সর্ব্বাগ্রে আমরা তাঁহাদের অমর আত্মার উদ্দেশে মস্তক অবনত করিতেছি। আজ আমরা সর্ব্বদেশের ভারতীয়-গণকে নিমন্ত্রণ করিতেছি—তাঁহারা আসিয়া দেখুন—বাঙলার খণ্ডিত অংশের বাঙালী আবাল-বৃদ্ধ-বনিতা কেমন ভাবে লব্ধ স্বাধীনতার ভিত্তি দৃঢ় করিবার জন্য ধন-মান-প্রাণ উৎসর্গের কঠোর পরীক্ষা দিতেছে। ইহারা কত বড় ত্যাগী! তাহা ক্ষমতাদৃপ্ত বিলাসী ভোগীর দল এ ত্যাগের মর্য্যাদা উপলব্ধি করিতে পারিবে কি? আজ সুজলা সুফলা বাংলা এক মুষ্টি অন্নের জন্য হাহাকার করিতেছে, ইহা কি স্বাধীনতা লাভের জন্য ত্যাগ নহে? আমরা এই স্বাধীনতার জন্য সর্বহারা এই সব দেবতার চরণে মস্তক অবনত করিতেছি।

———

## স্বাধীনতা দিবসে
## বিশিষ্ট সেবা পদক লাভ

রাষ্ট্রপতি স্বাধীনতা দিবস উপলক্ষে রঘুনাথগঞ্জ থানার জরুর গ্রামের বিখ্যাত রায় পরিবারের শ্রীগিরিজাভূষণ রায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র মিলিটারী সার্জ্জেন লেপ্টন্যাণ্ট কর্ণেল শ্রীঅজিতকুমার রায়, এফ-আর-সি-এস কে বিশিষ্ট সেবা পদক দিয়া সম্মানিত করিয়াছেন। আমরা শ্রীমান্ অজিতের সেবা পদক প্রাপ্তিতে বিশেষ আনন্দিত হইয়াছি। শ্রীমান্ নিজ কৃতিত্বে উত্তরোত্তর সম্মান লাভ করুক ইহাই ভগবৎ সমীপে প্রার্থনা করি। সেবা পরমোধর্ম্ম।

———

## দুর্গম রাস্তায় যাত্রীদের দুর্ভোগ

মোড়গ্রাম রেল-ষ্টেশনের সম্মুখে লাইনের পাশ দিয়া জাতীয় সড়ক পর্য্যন্ত জেলা পরিষদের কাঁচা রাস্তাটীর ব্যবধান আনুমানিক ৫ রশি (৪০০ হাত) ঐ রাস্তায় বর্ষার জন্য কাদা হওয়ায় মোটর-বাস ষ্টেশনের নিকটে চলাচল করিতে পারে না। ইহার ফলে ৪০০ হাত দুর্গম রাস্তা দিয়া দিনের বেলায় ও রাত্রির অন্ধকারে শত শত নরনারী, বালকবালিকা ও শিশুগণ অসহায়ভাবে হাঁটিতে বাধ্য হইতেছে। এই রাস্তা দিয়া যাতায়াত করা খুব বিপজ্জনক তাহা ভুক্তভোগী মাত্রেই অবগত আছেন। আমরা এই বিষয়ে মুর্শিদাবাদ জেলা পরিষদের সুযোগ্য চেয়ারম্যান শ্রীআবদুস সাত্তার সাহেবের ও জেলা পরিষদের পথ-নির্ম্মাণ শাখার জঙ্গিপুর মহকুমার মেম্বরগণের কৃপাদৃষ্টি আকর্ষণ করিতেছি। পরবর্ত্তী সভায় ইহার আশু প্রতিকার করুন।

———

## রেডিওর দোকান

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে সদরঘাটের সন্নিকটে শ্রীধনরাজ পিপাড়া নামক একজন ব্যবসায়ী ইলেকট্রনিকের সকল রকম ট্রানজিষ্টার রেডিওর দোকান খুলিয়াছেন। জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় মহাশয় গত ৩রা আগষ্ট বুধবার বৈকাল ৪ ঘটিকায় উক্ত প্রতিষ্ঠানের দ্বারোদ্ঘাটন করেন। নিমন্ত্রিতগণকে জলযোগে আপ্যায়িত করা হয়।

# ১৫ই অগাষ্ট

স্বাধীনতা-ই এনে দিয়েছে
দেশবাসীর উন্নততর
জীবনযাপনের সুযোগ

সমাজবিরোধী কাজের দ্বারা
এই সুযোগ কিছুতেই
নষ্ট হ'তে দেব না।

॥ পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত ॥

## প্রাপ্ত

### আদিবাসী কল্যাণ বিভাগের কার্য্যের ধারা

সাগরদীঘি ধোপাপাড়ায় আদিবাসী কল্যাণ বিভাগ হইতে জলকষ্ট নিবারণের জন্য একটি নলকূপ মঞ্জুর হইয়া কার্য্য আরম্ভ হইয়া অর্দ্ধপথে পরিত্যক্ত হইয়া রহিয়াছে। গ্রামবাসিগণের জলকষ্ট লাঘব হয় নাই অথচ নলকূপ সম্পূর্ণ হইয়াছে বলিয়া উক্ত নলকূপের ঠিকাদার মঞ্জুরীকৃত সম্পূর্ণ অর্থ পাইয়াছেন। বড় আশ্চর্য্যের এবং পরিতাপের বিষয় অদ্যাবধি নলকূপটি চালু করার ব্যবস্থা T. W. O. করিলেন না। অথচ তিনি বিনা দ্বিধা ও বিনা পরিদর্শনে অসম্পূর্ণ নলকূপের মঞ্জুরীকৃত অর্থ ঠিকাদারকে দিয়া দিলেন।

সাগরদীঘির স্থানীয় লোকজন মার্চ্চ মাস হইতে বর্ত্তমান মাস অবধি বহুবার T. W. O. মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিয়া অদ্যাবধি কোন প্রতিকার পাইলেন না বরং তিনি প্রতি সময় আশ্বাস দিয়া জনসাধারণকে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার বিষয় হইতে পরোক্ষভাবে বিরত রাখিয়াছিলেন। কোন স্বার্থে তিনি এ ভাবে জনগণের অসুবিধা সৃষ্টি করিতেছেন তাহা বোধগম্য হইতেছে না।

এ বিষয়ে জেলা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে যাহাতে এই গাফিলতির রহস্য উদ্‌ঘাটন হয় ও জনসাধারণ উপকৃত হয়।

৮-৮-৬৬ শ্রীবেণুকর চ্যাটার্জ্জী, সাগরদীঘি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই সেপ্টেম্বর, ১৯৬৬

১৯৬৩ সালের ডিক্রীজারী

২৭ মনি ডিঃ প্যাটেল এণ্ড কোং নামীয় কারবারের মালিক ভাইলাল প্যাটেল দেং শিবশঙ্কর ঘোষ চৌধুরী দাবি ২৫৫২'১৪ পয়সা থানা সাগরদীঘি মৌজে চন্দনবাটী মধ্যে মোট ৫৪½ শতক জমি

খং ১০৯২

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ (লে) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন (২) ও (৫) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ (লে) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

(১)

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন  
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন।  
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;  
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

(২)

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,  
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।  
দীনের কুটির আর ধনীর আবাসে,  
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

(৩)

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,  
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!  
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,  
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

(৪)

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,  
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,  
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,  
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

(৫)

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—  
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর  
অবনীর সব রোগ হরণ কারণ,  
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত (দা' ঠাকুর)

## জঙ্গিপুরে স্বাধীনতা দিবস

গত ১৫ই আগষ্ট সোমবার রঘুনাথগঞ্জ জঙ্গিপুরে ও মহকুমার সর্ব্বত্র স্বাধীনতা দিবস অনুষ্ঠিত হইয়াছে। প্রাতে প্রভাত-ফেরী শহর প্রদক্ষিণ করে। বেলা ৮ ঘটিকায় রঘুনাথগঞ্জ 'সেবা-শিবির' এর শোভাযাত্রা ব্যাণ্ডবাদ্যসহ শহর প্রদক্ষিণ করে। স্থানীয় সরকারী অফিস-সমূহে, মহাবিদ্যালয়ে, সমস্ত বিদ্যালয়ে, মিউনিসিপ্যাল অফিসে ও বিশিষ্ট জনসাধারণের বাসভবনে জাতীয় পতাকা উত্তোলিত হয়।

সরকারী প্রচার বিভাগ কর্ত্তৃক স্থানীয় ছায়াবাণী সিনেমায় রঘুনাথগঞ্জের এবং পার্শ্ববর্ত্তী আইলেরউপর ও গোপালনগর প্রাথমিক স্কুল সমূহের ছাত্রছাত্রী-গণকে বিভাগীয় চিত্রাদি প্রদর্শন করা হয়।

১৫ই আগষ্ট গোপালনগর প্রাথমিক বিদ্যালয়ে পতাকা উত্তোলন ও ছাত্রছাত্রীরা পতাকা অভিবাদন করে। প্রধান শিক্ষক মহাশয় ছাত্রছাত্রীদের স্বাধীনতা দিবসের তাৎপর্য্য সরল ভাষায় বুঝাইয়া দেন। শ্রীকান্তবাটী পি, এস, এস, সমিতির সম্পাদক শ্রীগোপেশ্বর ঘোষ মহাশয় ছাত্রছাত্রীদের ও শিক্ষক মহাশয়দের জলযোগে আপ্যায়িত করেন।

শ্রীকান্তবাটী পি, এস, এস, শিক্ষানিকেতনে যথারীতি পতাকা উত্তোলন করা হয় প্রধান শিক্ষক মহাশয় সমবেত ছাত্রছাত্রীদের স্বাধীনতা সম্বন্ধে বিশদভাবে বুঝাইয়া দেন। শিক্ষানিকেতনের সম্পাদক মহাশয় ছাত্রছাত্রীদের ও শিক্ষক মহাশয়দের জলযোগের ব্যবস্থা করেন।

## স্বাধীনতা দিবসে রাজধানীতে ভূমিকম্প

১৫ই আগষ্ট স্বাধীনতা দিবসে দিল্লীতে ভয়াবহ ভূমিকম্পে ১৭ জনের প্রাণহানি ঘটেছে, জখম হয়েছেন ৩৫ জন। দিল্লীর বিভিন্ন এলাকায় চারটি বাড়ী ভেঙে পড়ায় তাঁরা হতাহত হন। স্মরণকালের মধ্যে এমন প্রচণ্ড ভূকম্পন এখানে আর হয়নি। ধ্বংসস্তুপ পরিষ্কার করার কাজ চলছে। কাজ শেষ হলে জানা যাবে ঠিক কতজন হতাহত হয়েছেন।

মোরাদাবাদে প্রচণ্ড ভূকম্পন অনুভূত হয়। সেখানে কয়েকটি বাড়ীতে ফাটল দেখা দিয়েছে। ভূকম্পন স্থায়ী হয় প্রায় ছয় সেকেণ্ড। এছাড়াও উত্তরপ্রদেশে ও তরাই অঞ্চল থেকে ভূমিকম্পের খবর পাওয়া গিয়েছে।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুশিদাবাদ, পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন যে বহরমপুর—পিরোজপুর ঘাট ( স্বরূপপুর হইয়া ) বাস রুটে একটি যাত্রীবাহী গাড়ীর পারমিট প্রদানের জন্য নির্ধারিত ফরমে ( স্থানীয় ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ায় দরখাস্ত ফি বাবদ পাঁচ টাকা জমা দেওয়ার চালান উপস্থাপিত করিলে উক্ত অফিসে পাওয়া যাইবে ) দরখাস্ত আহ্বান করিতেছেন। উক্ত চালান এবং নির্ধারিত ফরমে ( উক্ত অফিসে পাওয়া যাইবে ) ঘোষণাসহ দরখাস্তসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ২৫ আগষ্ট, ১৯৬৬ তারিখ পর্যন্ত গৃহীত হইবে।

---

## রেলযাত্রীদের জ্ঞাতব্য

—•—

মুশিদাবাদ জেলার ভূতপূর্ব্ব আরক্ষাধ্যক্ষ শ্রীতারকনাথ ব্যানার্জ্জি মহাশয় রেলযাত্রিগণকে সাবধান করিবার জন্য দশ বৎসর পূর্ব্বে কতকগুলি সতর্ক-বাণী প্রচার করিয়াছিলেন। আমরা জন-সাধারণের অবগতির জন্য উহা পুনর্মুদ্রিত করিলাম।

১। অযথা ভীড় করিলে পকেটমারের সুবিধা।

২। অপরিচিত সহযাত্রীকে কখনও বিশ্বাস করিবেন না।

৩। নিজের মাল-পত্রের উপর নজর রাখিলে চোরে সুযোগ পাইবে না।

৪। গায়ে গহনা দিয়া জানালার পাশে বসিবেন না।

৫। ফেরীওয়ালাদের প্রশ্রয় দিবেন না।

৬। নিলামওয়ালারা জুয়াচোর। তাহাদের প্রশ্রয় দিলে ঠকিবেন।

৭। চলন্ত ট্রেণে যারা উঠানামা করে, তাদের অধিকাংশ চোর। অতএব তাদের সম্পর্কে হুঁশিয়ার।

৮। যাত্রীদের রেল পুলিশের ঘাঁটি চিনিতে হইবে।

---

## মুর্শিদাবাদ জেলা পরিষদ

### পোঃ বহরমপুর

## কর্ম্মখালির বিজ্ঞপ্তি

এই জেলার বিভিন্ন আঞ্চলিক পরিষদে কয়েকটি অবরবর্গ করণিকের (L. D. Clerk) পদের জন্য ভারতীয় নাগরিকগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে! পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ( বর্ত্তমানে ১৯৬৬ সালের ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত মঞ্জুর আছে ) তৎপরে কার্য্যকাল বৃদ্ধির সম্ভাবনা আছে।

বেতন ক্রম :— ৯০-৩-১০৫-৪-১২৫ যোঃ বঃ ৪-১৬৫ তৎসহ জেলা পরিষদে বর্ত্তমানে প্রচলিত ভাতা সমূহ ( বর্ত্তমানে সর্বমোট ৪৭৲ টাকা )

শিক্ষাগত যোগ্যতা :— অন্যূন স্কুল ফাইন্যাল অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ।

প্রতি মিনিটে অন্ততঃ ৩৫টি শব্দ টাইপ করিতে সক্ষম প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।

বয়ঃসীমা :— ১৮ বৎসর হইতে ২৫ বৎসর পর্য্যন্ত।

প্রার্থীগণকে নিজ নাম, পিতার নাম, ঠিকানা, বয়স ও যোগ্যতাবলী উল্লেখপূর্ব্বক নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে আগামী ২৫শে আগষ্ট, ১৯৬৬ তারিখে বা তৎপূর্ব্বে দরখাস্ত দাখিল করিতে হইবে। ইণ্টারভিউ এর জন্য উপস্থিত হইতে হইলে কোন খরচ দেওয়া হইবে না।

স্বাঃ আবদুস সাত্তার,
চেয়ারম্যান,
মুর্শিদাবাদ জেলা পরিষদ।

---

## জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ সিভিল কোর্ট সংলগ্ন হরিদাসনগর ভদ্রপল্লীতে গৃহ নির্ম্মাণ উপযোগী জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীবঙ্কিমচন্দ্র নাথ,
রঘুনাথগঞ্জ হরিদাসনগর

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| | |
|---|---|
| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৩ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন : ৫৫-৪৩৬৬ |





## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।